গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা।

[মূসক অনুবিভাগ]

## আদেশ

সাধারণ আদেশ নং-২৯/মূসক/২০১৩ তারিখঃ ২৩ জ্যৈষ্ঠ, ১৪২০ বঙ্গাব্দ/০৬ জুন, ২০১৩ খ্রিষ্টাব্দ

**বিষয়ঃ চুক্তিভিত্তিক পণ্য উৎপাদন ও সরবরাহের ক্ষেত্রে পালনীয় পদ্ধতি ও প্রক্রিয়া সংক্রান্ত দিক নির্দেশনা।**

মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর বিধি ৩৮-এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড, কোনো নিবন্ধিত উৎপাদক কর্তৃক চুক্তির ভিত্তিতে অন্য কোনো উৎপাদকের পণ্য উৎপাদন ও সরবরাহের ক্ষেত্রে অনুসরণীয় নিম্নরূপ পদ্ধতি ও প্রক্রিয়া নির্ধারণ করিল, যথা:-

ক) পণ্যের মূল, স্বত্বাধিকারী এবং চুক্তিভিত্তিক উৎপাদনকারীর মধ্যে সম্পাদিত চুক্তি দেশের বলবৎ চুক্তি আইন (The Contract Act 1872) এর বিধি বিধান অনুসরণপূর্বক সম্পন্ন করিতে হইবে।

খ) প্রমিত হিসাবরক্ষন নীতিমালা (Standard Accounting Principle) অনুসরণপূর্বক সকল হিসাব সংরক্ষণ করিতে হইবে।

গ) পণ্যের স্বত্বাধিকারীর উৎপাদনস্থলে পণ্য ফেরত প্রদানের চুক্তির ক্ষেত্রে স্বত্বাধিকারীর উৎপাদনস্থল হইতে চুক্তিভিত্তিক উৎপাদকের নিকট উপকরণ সরবরাহের সময় ফরম "মূসক-১১গ" এ দ্বিমুখী কার্বন ব্যবহার করিয়া একটি চালানপত্র প্রদান করিবেন এবং চালানপত্রের দ্বিতীয় অনুলিপিটি চালানপত্র পুস্তকে সংযুক্ত অবস্থায় সংশ্লিষ্ট স্থানে সংরক্ষণ করিবেন।

ঘ) পণ্যের স্বত্বাধিকারীর উৎপাদনস্থলের পরিবর্তে তাহার বিক্রয়স্থল বা সরবরাহ ডিপোতে পণ্য প্রেরণের ক্ষেত্রে স্বত্বাধিকারীর উৎপাদনস্থল হইতে, বা তাহার নিজস্ব আমদানির ক্ষেত্রে সরাসরি আমদানি বন্দর হইতে, বা তাহার পণ্যাগার হইতে, বা স্থানীয়ভাবে সংগৃহীত ও তাহার ব্যবসায়স্থল বা পণ্যাগারে রক্ষিত উপকরণ চুক্তিভিত্তিক উৎপাদকের নিকট সরবরাহের সময় স্বত্বাধিকারীর এইরূপ নিবন্ধিত নিজস্ব উৎপাদনস্থল, আমদানি বা ব্যবসায়স্থল বা পণ্যাগার হইতে ফরম "মূসক-১১গগ" এ দ্বিমুখী কার্বন ব্যবহার করিয়া একটি চালানপত্র প্রদান করিবেন এবং চালানপত্রের দ্বিতীয় অনুলিপিটি চালানপত্র পুস্তকে সংযুক্ত অবস্থায় সংশ্লিষ্ট স্থানে সংরক্ষণ করিবেন।

ঙ) স্থানীয়ভাবে অন্য কোন উৎস হইতে স্বত্বাধিকারী কর্তৃক সংগৃহীত উপকরণ সরাসরি চুক্তিভিত্তিক উৎপাদকের নিকট সরবরাহের ক্ষেত্রে সংশ্লিষ্ট "মূসক-১১" চালানপত্রে "পণ্যের চূড়ান্ত গন্তব্যস্থল" কলামে চুক্তিভিত্তিক উৎপাদকের নাম, ঠিকানা ও নিবন্ধন নম্বর উল্লেখ করিতে হইবে।

চ) চুক্তিভিত্তিক উৎপাদনের ক্ষেত্রে চুক্তি অনুযায়ী স্বত্বাধিকারীর উৎপাদন স্থলে পণ্য ফেরত প্রদানের শর্তে চুক্তিভিত্তিক উৎপাদক প্রতি একক পণ্যের জন্য যে পণ বা মূল্য গ্রহণ করিবেন কেবলমাত্র উক্ত পণ ভিত্তিতে চুক্তিভিত্তিক উৎপাদক সংশ্লিষ্ট এলাকার বিভাগীয় কর্মকর্তার নিকট ফরম "মূসক-১" এ মূল্য ঘোষণা দাখিল করিবেন।

ছ) চুক্তি অনুযায়ী পণ্যের স্বত্বাধিকারীর উৎপাদনস্থলে পণ্য ফেরত গ্রহণের ক্ষেত্রে স্বত্বাধিকারী উৎপাদনকারী হিসাবেও বিবেচিত হইবেন এবং চুক্তিমূল্য চুক্তির আওতায় সরবরাহকৃত উপকরণের মূসকযোগ্য মূল্য অন্তর্ভূক্ত করিয়া ফরম "মূসক-১" এ মূল্য ঘোষণা দাখিল করিবেন।

জ) চুক্তির আওতায় উৎপাদিত পণ্য স্বত্বাধিকারীর উৎপাদনস্থলের পরিবর্তে তাহার বিক্রয় বা সরবরাহ ডিপোতে সরবরাহের ক্ষেত্রে স্বত্বাধিকারীর এইরূপ বিক্রয়স্থল বা সরবরাহ ডিপো, উৎপাদিত পণ্যের পরবর্তী সরবরাহকারী হিসাবে বিবেচিত হইবে এবং সেইক্ষেত্রে ডিপো পর্যায়ে ফরম "মূসক-১" এ মূল্য ঘোষণা দাখিল করিতে হইবে অথবা প্রযোজ্য ক্ষেত্রে আইন এর ধারা ৫ এর উপ-ধারা (২) এর শর্তাংশের বিধানের আওতায় নির্ধারিত মূল্য সংযোজনের হারের ভিত্তিতে মূসক প্রদেয় হইবে।

ঝ) চুক্তিভিত্তিক উৎপাদক স্বত্বাধিকারীর উৎপাদনস্থলে পণ্য সরবরাহ বা ফেরত প্রেরণের শর্তে স্বত্বাধিকারী কর্তৃক ইস্যুকৃত ফরম "মূসক-১১গ" চালানপত্রের মাধ্যমে প্রাপ্ত উপকরণ ব্যতীত, ফরম "মূসক-১১" বা "মূসক-১১গগ" চালানপত্রের মাধ্যমে প্রাপ্ত বা সংগৃহীত অন্যান্য উপকরণের উপর পরিশোধিত মূসক তাহার ঘোষিত মূল্যে অন্তর্ভুক্ত থাকিবার শর্তে আইন এর ধারা ৯ এর বিধান প্রতিপালন সাপেক্ষে রেয়াত গ্রহণ করিতে পারিবেন।

ঞ) পণ্যের স্বত্বাধিকারীর নিজস্ব আমদানিকৃত উপকরণ বা স্থানীয়ভাবে সংগৃহীত উপকরণ তাহার নিবন্ধিত উৎপাদনস্থল বা পণ্যাগারে আনয়নের পরিবর্তে চুক্তিভিত্তিক উৎপাদকের নিকট সরাসরি সরবরাহের ক্ষেত্রে এবং চুক্তিভিত্তিক উৎপাদক কর্তৃক উৎপাদিত পণ্য স্বত্বাধিকারীর উৎপাদনস্থলের পরিবর্তে তাহার বিক্রয়স্থল বা সরবরাহ ডিপোতে সরবরাহের ক্ষেত্রে স্বত্বাধিকারী তাহার সরবরাহকৃত উপকরণের বিপরীতে কোন রেয়াত গ্রহণ করিতে পারিবেন না।

ট) স্বত্বাধিকারীর নিবন্ধিত বিক্রয়স্থল বা সরবরাহ ডিপোতে চুক্তিভিত্তিক উৎপাদনকারী কর্তৃক ইস্যুকৃত ফরম "মূসক-১১" এর মাধ্যমে প্রেরিত পণ্যের ক্ষেত্রে পরিশোধিত মূসক উপকরণ কর হিসাবে, স্বত্বাধিকারীর বিক্রয়স্থল বা ডিপো পর্যায়ে ঘোষিত মূল্যে অন্তর্ভুক্ত থাকিবার শর্তে তিনি আইন এর ধারা ৯ এর বিধান প্রতিপালন করিয়া রেয়াত গ্রহণ করিতে পারিবেন:

তবে শর্ত থাকে যে, চুক্তিভিত্তিক উৎপাদক কর্তৃক স্বত্বাধিকারীর বিক্রয় স্থল বা সরবরাহ ডিপোতে পণ্য সরবরাহের ক্ষেত্রে পণ্য উৎপাদনের জন্য "মূসক-১১গগ" এর মাধ্যমে স্বত্বাধিকারীর উৎপাদনস্থল হইতে উপকরণ সরবরাহকালে সংশ্লিষ্ট উপকরণের উপর গৃহীত রেয়াত তাহার চলতি হিসাবের প্রদেয় কলামে সমন্বয় করিতে হইবে;

ঠ) মূল স্বত্বাধিকারী ও চুক্তিভিত্তিক উৎপাদক কর্তৃক মূসক বিধি ২২ অনুযায়ী তাহাদের নিজ নিজ নিবন্ধিত স্থানে যথাযথ হিসাব সংরক্ষণ করিতে হইবে, এবং

(১) ফরম "মূসক-১১গ" বা প্রযোজ্য ক্ষেত্রে "মূসক-১১গগ" এর মাধ্যমে মূল উপকরণ চুক্তিভিত্তিক উৎপাদকের নিকট প্রেরণ সংক্রান্ত তথ্যাদি স্বত্বাধিকারীকে আলাদা রেজিস্টারে সংরক্ষণ করিতে হইবে, এবং উহা বাণিজ্যিক দলিলাদি হিসাবে বিবেচিত হইবে এবং মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর ধারা ৩১ (২) অনুসারে এ সংক্রান্ত হিসাব পুস্তকের নাম ও বিবরণ (ফরমেটসহ) সংশ্লিষ্ট স্থানীয় মূল্য সংযোজন কর কর্মকর্তার নিকট দাখিল করিতে হইবে;

(২) একইভাবে চুক্তিভিত্তিক উৎপাদক কর্তৃক ফরম "মূসক-১১গ" বা প্রযোজ্য ক্ষেত্রে "মূসক-১১গগ" এর মাধ্যমে সংগৃহীত উপকরণ ও প্রক্রিয়াকরণকৃত পণ্য স্বত্বাধিকারীকে ফেরত প্রদানের তথ্য তাহার মূসক সংক্রান্ত হিসাবপুস্তক ছাড়াও আলাদা রেজিস্ট্রারে ভিন্নভাবে সংরক্ষণ করিতে হইবে, এবং উহা বাণিজ্যিক দলিলাদি হিসাবে বিবেচিত হইবে এবং মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর ধারা ৩১(২) অনুসারে এ সংক্রান্ত হিসাব পুস্তকের নাম ও বিবরণ (ফরমেটসহ) সংশ্লিষ্ট স্থানীয় মূল্য সংযোজন কর কর্মকর্তার নিকট দাখিল করিতে হইবে।

০২। জাতীয় রাজস্ব বোর্ডের ২৪ জ্যৈষ্ঠ, ১৪১৯ বঙ্গাব্দ মোতাবেক ০৭ জুন, ২০১২ খ্রিষ্টাব্দ তারিখের সাধারণ আদেশ নং ০৫/মূসক/২০১২ এতদ্বারা রহিত করা হইল।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

( মোহাম্মদ হাসমত আলী )
দ্বিতীয় সচিব (মূসক)